# বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

**প্রধান কার্যালয়**

**মতিঝিল, ঢাকা-১০০০**

**বাংলাদেশ।**

**Website:www.bb.org.bd**

**ফাইন্যান্স কোম্পানি প্রবিধি ও নীতি বিভাগ**


এফসিআরপিডি সার্কুলার নং-০৫

তারিখ: ১৬ জুলাই ২০২৬
১ শ্রাবণ ১৪৩৩

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল ফাইন্যান্স কোম্পানি।

প্রিয় মহোদয়,

**ক্ষতিগ্রস্ত ঋণগ্রহীতা প্রতিষ্ঠানের ব্যবসায় ও আর্থিক ব্যবস্থা পুনর্গঠনের লক্ষ্যে নীতি সহায়তা প্রদান প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ কর্তৃক জারিকৃত বিআরপিডি সার্কুলার নং-০৭, তারিখ: ১৬ সেপ্টেম্বর ২০২৫, বিআরপিডি সার্কুলার লেটার নং-২৬, তারিখ: ২৪ নভেম্বর ২০২৫ এবং বিআরপিডি-১ সার্কুলার লেটার নং-১৬, তারিখ: ৭ মে ২০২৬ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। ক্ষতিগ্রস্ত ঋণগ্রহীতা প্রতিষ্ঠানের ব্যবসায় পুনর্গঠন, আর্থিক খাত প্রত্যাশিত অবস্থায় ফিরিয়ে আনা এবং দেশের অর্থনৈতিক কর্মকান্ডে গতিশীলতা আনয়নের লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক কর্তৃক বিভিন্ন উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এরই ধারাবাহিকতায় সম্ভাবনাময় কিন্তু ক্ষতিগ্রস্ত ঋণগ্রহীতা প্রতিষ্ঠানসমূহকে তাদের ব্যবসা ও আর্থিক ব্যবস্থা পুনর্গঠনপূর্বক সচল ও লাভজনক পর্যায়ে উন্নীত করার মাধ্যমে ব্যাংকের ঋণ আদায় নিশ্চিতকল্পে ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ কর্তৃক উক্ত সার্কুলার ও সার্কুলার লেটারসমূহ জারি করা হয়।

৩। এক্ষণে, বিদ্যমান বাস্তবতা বিবেচনায় এবং ক্ষতিগ্রস্ত গ্রাহকগণের ঋণ পরিশোধের সুযোগ সৃষ্টি, ঋণ আদায়ের মাধ্যমে ফাইন্যান্স কোম্পানিসমূহের শ্রেণিকৃত ঋণ হ্রাস, সর্বোপরি তারল্য পরিস্থিতি উন্নয়নে ফাইন্যান্স কোম্পানির গ্রাহকদের জন্য ব্যাংক কোম্পানির অনুরূপ নীতি সহায়তা প্রদানের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়েছে। এ বিষয়ে নিম্নোক্ত নির্দেশনা অনুসৃত হবে–

(ক) ক্ষতিগ্রস্ত ঋণগ্রহীতাগণকে ফাইন্যান্স কোম্পানি-গ্রাহক সম্পর্কের ভিত্তিতে বিআরপিডি সার্কুলার নং-০৭, তারিখ: ১৬ সেপ্টেম্বর ২০২৫, বিআরপিডি সার্কুলার লেটার নং-২৬, তারিখ: ২৪ নভেম্বর ২০২৫ এবং বিআরপিডি-১ সার্কুলার লেটার নং-১৬, তারিখ: ৭ মে ২০২৬ এর আওতায় বিশেষ পুনঃতফসিলজনিত ও বিশেষ পুনর্গঠনজনিত সুবিধা প্রদান করা যাবে;

(খ) এক্ষেত্রে প্রযোজ্যতা অনুসারে সংশ্লিষ্ট ক্ষেত্রে ফাইন্যান্স কোম্পানি আইন, ২০২৩ এর বিধানাবলী ও এ বিভাগের ইস্যুকৃত সার্কুলার/নীতিমালা-এর পরিপালন নিশ্চিত করতে হবে; এবং

(গ) বিশেষ পুনঃতফসিল ও পুনর্গঠনজনিত সুবিধা প্রদান বিষয়ে ফাইন্যান্স কোম্পানিসমূহের ঋণগ্রহীতার নিকট হতে আবেদন গ্রহণ ও পরিচালনা পর্ষদের অনুমোদনসহ সকল প্রক্রিয়া ৩০ সেপ্টেম্বর ২০২৬ তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে।

৪। ফাইন্যান্স কোম্পানি আইন, ২০২৩ এর ৪১(১)(ক) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো, যা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(স্বাক্ষর)

**(আবুল কালাম আজাদ)**
পরিচালক (এফসিআরপিডি)
ফোন: ৯৫৩০১৭৮।